SET – 4

**Series : HRK/C**

**Code No. 7**

**Roll No.** | | | | | | | |

Candidates must write the Code on the title page of the answer-book.

- Please check that this question paper contains **12** printed pages.
- Code number given on the right hand side of the question paper should be written on the title page of the answer-book by the candidate.
- Please check that this question paper contains **18** questions.
- **Please write down the Serial Number of the question before attempting it.**
- 15 minute time has been allotted to read this question paper. The question paper will be distributed at 10.15 a.m. From 10.15 a.m. to 10.30 a.m., the students will read the question paper only and will not write any answer on the answer-book during this period.

www.careerindia.

# SUMMATIVE ASSESSMENT - II
# বাংলা
# BENGALI

*সময়* : 3 *ঘণ্টা* | *সর্বোমোট অঙ্ক : 90*

*Time allowed : 3 Hours* | *Maximum Marks : 90*

The question paper is divided into four sections :

SECTION A : Reading (Comprehension)

SECTION B : Writing (Composition)

SECTION C : Grammar

SECTION D : Literature (Text Books & Supplementary Reader)

CAREERINDIA

## SECTION – A

### বোধ-পরীক্ষণ

### Reading (Comprehension)

1. রানা রায়মলের মেজছেলে পৃথ্বীরাজ যেমন সুপুরুষ তেমন সাহসী; বড়ছেলে সঙ্গ দেখতে মোটেই রাজপুত্রের মতো নন-সাদাসিধে ছোটখাটো মানুষটি ধীর-গম্ভীর, বড়-বড় টানা চোখ; ছোটছেলে জয়মল কাটখোট্টা, মোটা-সোটা যেন চোয়াড়ে গোছের, আর রানার ভাই সুরজমল খুব সুপুরুষ নন, খুব কদাকার ও নন – অনেকটা বুড়ো রানার মতোই নাক চোখ। পৃথ্বীরাজ বললেন, "প্রজাদের হাতে যদি রাজা বেছে নেবার ভার পড়ে তো দেখে নিও, আমাকেই রাজপুতেরা রাজা করবে।" জয়মল বলে উঠলেন, "ওসব বুঝিনে। দেখছ এই হাতখানা। জোর যার, মুলুক তার ! " সঙ্গ, যিনি সবার বড়, একটুখানি হেসে বললেন, "ভবানীমাতা যাকে সিংহাসন দেবার দিয়ে বসে আছেন, বিশ্বাস না হয়, চল চারণীদেবীর মন্দিরে গুনিয়ে দেখি কার অদৃষ্টে সিংহাসন লেখা রয়েছে !"

উপরের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও। **2 + 2 + 1 = 5**

(ক) পৃথ্বীরাজ কী বললেন ?

(i) "ওসব বুঝিনে। দেখছ এই হাতখানা। জোর যার, মুলুক তার।"

(ii) "বিশ্বাস না হয়, চল চারণীদেবীর মন্দিরে গুনিয়ে দেখি কার অদৃষ্টে সিংহাসন....!"

(iii) "প্রজাদের হাতে যদি রাজা বেছে নেওয়ার ভার পড়ে, তো .... আমাকেই রাজা করবে !"

(খ) পৃথ্বীরাজ ছিলেন রানা রায়মলের

(i) মেজছেলে

(ii) বড়ছেলে

(iii) ছোটছেলে

(গ) 'জোর যার, মুলুক তার' বাক্যটি হল –

(i) সরল বাক্য

(ii) জটিল বাক্য

(iii) যৌগিক বাক্য



www.careerindia.com

CAREERINDIA

2. নীচের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলির উত্তর বেছে লেখ। **2 + 2 + 1 = 5**

গৌরবি মনে মনে ঠাকুরকে ডেকে চোখ বুজল। দিনমানে ও যা পায় না, স্বপ্নে অনেকসময়ে তা পেয়ে যায়। স্বপ্নে গৌরবির মাথায় তেল জবজব করে, পরনে গোটা কাপড়, পেটে ভাত। স্বপ্নের গৌরবিকে নিবারণ মাথায় করে রাখে। আজ স্বপ্নে ওকে হারার মা হাত ধরে নিয়ে গেল এক আশ্চর্য দেশে। সেখানে থানকুনি পাতা দুর্বোঘাসের মেলা। মাদার গাছের ছায়ায় ঢেঁকিশাকের জঙ্গল। এত শাক-পাতা সব দুহাতে তুলতে তুলতে গৌরবির মনে হল এই তো স্বর্গ। তার স্বর্গ আর হারার মা-র স্বর্গ কি এক হতে পারে ? নাকি সব গরিবের স্বর্গ আসলে একই ? সকালবেলা গৌরবি হারাকে বলল, 'খালপাড়ে যা হারা। যশিকে বল্ আমার দেহ ভালো নয়, যেন দেখা করে ! আর দেখ্, যদি কেউ বলে রাতে কোথায় ছিলি, বলিস মাসির উঠোনে। মনে থাকবে ?'

(ক) স্বপ্নে গৌরবি কী দেখে ?

- (i) গৌরবির শরীর ভাল নয়, মাথায় রুক্ষ চুল
- (ii) গৌরবির মাথায় তেল জবজব করে, পরণে গোটা কাপড়
- (iii) মাথায় রুক্ষ চুল, পরণে ছেঁড়া শাড়ি

(খ) গৌরবি কাকে খালপাড়ে পাঠাল ?

- (i) হারার মাকে
- (ii) যশিকে
- (iii) হারাকে

(গ) 'স্বপ্নের গৌরবিকে নিবারণ মাথায় করে রাখে।' –
বাক্যটিকে জটিল বাক্যে লিখলে হবে –

- (i) গৌরবি স্বপ্ন দেখে, নিবারণ তাকে মাথায় করে রেখেছে।
- (ii) গৌরবির স্বপ্নে নিবারণ তাকে মাথায় করে রাখে।
- (iii) গৌরবি যে স্বপ্ন দেখে তাতে নিবারণ তাকে মাথায় করে রাখে।

www.careerindia.com

CAREERINDIA

3. নীচের অনুচ্ছেদটি পড়ে সঙ্গে থাকা প্রশ্নগুলির উত্তর দাও । উত্তরগুলি তিনটি বিকল্প থেকে বেছে লিখতে হবে । **2 + 2 + 1 = 5**

হ্যাঁ, বিজ্ঞান সব করতে পারে । মাত্র ত্রিশ বছরে বিজ্ঞান যে সব আজব কাণ্ড করেছে, আগামী ত্রিশ বছরে তার পাঁচগুণ করবে । প্রগতিকে বিজ্ঞান ব্যাহত হতে দেবে না । তার অভিধানে 'না' কথাটা নেই । কিন্তু মহাবিশ্বের নিয়ম অনুযায়ী তারও তো একটা সীমাবদ্ধতা আছে । বিজ্ঞান মানুষের হুবহু নকল তৈরি করতে পারে । বার্ধক্যকে বিলম্বিত করতে পারে, মৃত্যুকেও বিলম্বিত করতে পারে কিন্তু রোধ করতে পারে না । কৃত্রিম একটা সূর্যকে উপহার দিতে পারে কিন্তু পৃথিবীর মতো আরেকটা গ্রহ তৈরি করতে পারে না । পারে না মহাবিশ্ব ও তার বাসিন্দাদের জীবনের নিয়ম কানুনকে পরিবর্তন করতে । পারে না একশ বছর আগেকার আবহাওয়াকে ফিরিয়ে আনতে ।

(ক) বিজ্ঞান মানুষের মৃত্যুকে বিলম্বিত করলেও রোধ করতে পারে না । এ থেকে কী বোঝা যায় ?

(i) বিজ্ঞানের সীমাবদ্ধতা আছে ।

(ii) বিজ্ঞান সব করতে পারে ।

(iii) বিজ্ঞান গত ত্রিশ বছরে আজব কাণ্ড করেছে ।

(খ) পৃথিবীর আবহাওয়া আর দূষণমুক্ত হবে না । একথা কোন বাক্যে বোঝা যায় ?

(i) 'বিজ্ঞান মানুষের হুবহু নকল তৈরি করতে পারে ।'

(ii) 'মৃত্যুকেও বিলম্বিত করতে পারে কিন্তু রোধ করতে পারে না ।'

(iii) পারে না একশ বছর আগেকার আবহাওয়াকে ফিরিয়ে আনতে ।

(গ) 'কৃত্রিম একটা সূর্যকে উপহার দিতে পারে কিন্তু পৃথিবীর মতো আরেকটা গ্রহ তৈরি করতে পারে না ।' বাক্যটি –

(i) সরল বাক্য

(ii) জটিল বাক্য

(iii) যৌগিক বাক্য

www.careerindia.com

CAREERINDIA

4. নীচের অনুচ্ছেদটি পড় এবং প্রশ্নগুলির উত্তর দাও। প্রতি প্রশ্নের সঙ্গে থাকা বিকল্প উত্তর তিনটির মধ্য থেকে সঠিক উত্তর বেছে লিখতে হবে। **2 + 2 + 1 = 5**

কালিদাস রায় ছিলেন লোচনদাসের বংশধর। লোচনদাস 'চৈতন্যমঙ্গল' কাব্যের রচয়িতা, বৈষ্ণব সমাজে প্রসিদ্ধ। কালিদাস রায়ের মাতৃকুলও বৈষ্ণব সমাজে সুপরিচিত। রবীন্দ্র কাব্যের পরিমণ্ডলে থেকেই কালিদাস কবিতা লিখেছেন। তাঁর কবিতায় বৈষ্ণব সাহিত্যের প্রভাবও লক্ষ্য করা যায়। তাঁর কাব্যের বৈশিষ্ট্য হল সরলতা এবং আন্তরিকতা। অনুবাদ-ভাবানুবাদ বিশেষত ওমর খৈয়ামের অনুবাদে বিদেশি শব্দের ব্যবহার তাঁর ক্ষেত্রে উল্লেখযোগ্য। কলকাতা বিশ্ববিদ্যালয় তাঁকে 'জগত্তারিণী স্বর্ণপদক' ও 'সরোজিনী স্বর্ণপদক' দিয়েছিল। বিশ্বভারতী থেকে তিনি 'দেশিকোত্তম' উপাধি পেয়েছিলেন। রবীন্দ্রভারতী তাঁকে ডি.লিট. উপাধিতে ভূষিত করে। 'পূর্ণাহুতি' কাব্যগ্রন্থের জন্য কবি 'রবীন্দ্র-পুরস্কার' পান। বর্ধমানের কড়ুই গ্রামে কালিদাস রায়ের জন্ম হয়েছিল। প্রথম জীবনে রংপুর জেলার একটি স্কুলে প্রধান শিক্ষক হিসাবে কাজ করেন; পরে কলকাতার মিত্র ইন্‌স্টিটিউশনে যোগ দেন।

(ক) লোচনদাসের কোন পরিচয় এখানে পাওয়া যায় ?

(i) লোচনদাসের মাতৃকুল ছিল বৈষ্ণব সমাজে সুপরিচিত।

(ii) লোচনদাস বৈষ্ণব দার্শনিক ছিলেন।

(iii) লোচনদাস 'চৈতন্যমঙ্গল' কাব্যের রচয়িতা এবং বৈষ্ণব সমাজে সুপ্রসিদ্ধ।

(খ) কালিদাস রায় বিশ্বভারতীর কোন্ উপাধি পেয়েছিলেন ?

(i) জগত্তারিণী পদক

(ii) দেশিকোত্তম

(iii) ডি.লিট.

(গ) 'ভাবানুবাদ' শব্দটির সন্ধিচ্ছেদ করলে হয় –

(i) ভাবঃ + অনুবাদ

(ii) ভাব + অনুবাদ

(iii) ভাবা + অনুবাদ

www.careerindia.com

CAREERINDIA

## SECTION – B
## নির্মিতি (রচনা)
## Writing (Composition)

5. তোমাদের স্কুলের অষ্টম শ্রেণী থেকে দশম শ্রেণীর ছাত্রছাত্রীদের জন্য একটি গল্পরচনার প্রতিযোগিতা আয়োজিত হবে । আগ্রহী ছাত্রছাত্রীদের নাম নথিভুক্ত করার আবেদন জানিয়ে ছাত্র-প্রতিনিধি হিসাবে একটি নোটিস (বিজ্ঞপ্তি) রচনা কর । **5**

অথবা

স্কুল চত্বরে একটি লেডিস হাতব্যাগ পাওয়া গেছে । স্কুল-প্রিফেক্ট হিসেবে একটি নোটিস (বিজ্ঞপ্তি) লেখ – যাতে উপযুক্ত প্রমাণ দিয়ে সে ব্যাগটির অধিকারী সে ব্যাগটি নিয়ে যায় ।

6. ৫০০ এবং ১০০০ টাকার নোট হঠাৎ করে অচল হয়ে যাওয়াতে মানুষের দুর্গতির একশেষ ! ঘটনাটির প্রতি পাঠকের দৃষ্টি আকর্ষণ করে একটি প্রতিবেদন রচনা কর । **5**

অথবা

আজকের দিনে বৃদ্ধাশ্রমের প্রয়োজনীয়তা বিষয়ে একটি প্রতিবেদন রচনা কর ।

## SECTION – C
## ব্যাকরণ
## Grammar

7. নীচের পাঁচটি প্রশ্নে একই শব্দের তিনটি করে বানান দেওয়া আছে । সঠিক বানানটি উত্তর পত্রে লেখ । **1 × 5 = 5**

(ক) গীতাঞ্জলী / গীতাঞ্জলি / গিতাঞ্জলী

(খ) সন্মান / সৎমান / সম্মান

(গ) দৃঢ় / দৃড় / দৃর

(ঘ) শারীরীক / শারীরিক / শারিরীক

(ঙ) মধুসূদন / মধূসুদন / মধুসুদন

8. নীচের পাঁচটি প্রশ্ন বিসর্গসন্ধি বিষয়ক । সঠিক উত্তরগুলি বেছে নিয়ে লিখতে হবে । **1 × 5 = 5**

(ক) 'মনশ্চক্ষু' শব্দটির সন্ধিচ্ছেদ করলে হবে –

(i) মনোঃ + চক্ষু

(ii) মনসঃ + চক্ষু

(iii) মনঃ + চক্ষু

www.careerindia.com

CAREERINDIA

(খ) 'পুরোহিত' শব্দের সন্ধি বিচ্ছেদ করলে হয় –

(i) পুরঃ + হিত

(ii) পুরোঃ + হিত

(iii) পুঃ + রহিত

(গ) অন্তঃ+গত হবে –

(i) অন্তরগত

(ii) অন্তর্গত

(iii) অন্তঃগত

(ঘ) নিঃ+রক্ত সন্ধি করলে হয় –

(i) নীরক্ত

(ii) নিরক্ত

(iii) নিরাসক্ত

(ঙ) 'জ্যোতিঃ+পুঞ্জ' হবে –

(i) জ্যোতীপুঞ্জ

(ii) জ্যোতিপুঞ্জ

(iii) জ্যোতিঃপুঞ্জ

9. নিম্নলিখিত প্রশ্নগুলি বাক্যের রূপান্তর বিষয়ক। সঠিক উত্তর পাঁচটি সঙ্গে দেওয়া বিকল্পগুলি থেকে বেছে নিতে হবে। **1 × 5 = 5**

(ক) 'অপরাধ যখন করিয়াছ, শাস্তি পাইবেই।' – বাক্যটি যৌগিক বাক্যে রূপান্তর করলে দাঁড়ায় –

(i) অপরাধ করিলে শাস্তি পাইবেই।

(ii) যখন অপরাধ করিয়াছ তখন শাস্তি পাইবেই।

(iii) অপরাধ করিয়াছ, শাস্তি পাইবেই।

www.careerindia.com

CAREERINDIA

(খ) 'সূচীর অগ্রভাগে সামান্য ভূমি বিদ্ধ হয়, কিন্তু তাও আমি ছাড়ব না ।' – বাক্যটি সরল বাক্যে পরিবর্তন করলে হয় –

(i) সামান্য সূচ্যগ্র-ভূমিও ছাড়ব না ।

(ii) সূচীর অগ্রভাগে যে সামান্য ভূমি বিদ্ধ হয়, তা-ও ছাড়ব না ।

(iii) সূচীর অগ্রভাগে সামান্য ভূমি বিদ্ধ হয়, সে ভূমি ছাড়ব না ।

(গ) 'পৃথ্বীরাজ যখন শুনলেন ছোট ভাইয়ের কাণ্ড, তখন রাগে, লজ্জায় লাল হয়ে উঠলেন ।' বাক্যটি –

(i) সরল বাক্য

(ii) জটিল বাক্য

(iii) যৌগিক বাক্য

(ঘ) 'সত্যের পূজারী বলে তিনি সকলের পূজ্য ।' বাক্যটিকে জটিল বাক্যে রূপান্তরিত করলে দাঁড়ায় –

(i) তিনি সত্যের পূজারী বলে সকলের পূজ্য

(ii) তিনি সত্যের পূজারী, তাই সকলের পূজ্য

(iii) যেহেতু তিনি সত্যের পূজারী, সেহেতু সকলের পূজ্য

(ঙ) 'উন্নতি করতে হলে পরিশ্রম কর ।' – বাক্যটি

(i) সরল বাক্য

(ii) জটিল বাক্য

(iii) যৌগিক বাক্য

www.careerindia.com

10. নীচের প্রশ্নগুলিতে একই শব্দের ভিন্নার্থক তিনটি করে বাক্য দেওয়া আছে । প্রশ্ন অনুযায়ী সঠিক বাক্যটি বেছে নাও । **1 × 5 = 5**

(ক) 'পাকা' শব্দটি কোথায় 'বাঁধানো' অর্থে ব্যবহৃত ?

(i) বাবার মাথার সব চুল পেকে গেছে ।

(ii) উত্তরে খানিকটা গেলে পাকা রাস্তা পাবে ।

(iii) ছেলেটা অত্যন্ত পাকা ।

CAREERINDIA

(খ) 'কাটা' কথাটি কোথায় 'বিক্রি' অর্থে ব্যবহার হয়েছে ?

(i) এবারকার বইটি বাজারে খুব কাটছে।

(ii) কাটা ঘায়ে নুনের ছিটে না-ই বা দিলে !

(iii) মেঘ কাটলেই সূর্য দেখা দেবে।

(গ) 'মুখ' শব্দটি কোথায় 'সুনাম' অর্থে ব্যবহৃত ?

(i) মুখে মুখে কথা বোলো না।

(ii) প্রার্থনা করি দেবতা যেন মুখ তুলে চান !

(iii) ভাল ফল করে ছেলে আমার মুখ রেখেছে।

(ঘ) কোনো ব্যাপারেই গৃহিনীর মন উঠে না। - বাক্যটিতে 'উঠা' শব্দটি কোন অর্থে ব্যবহৃত ?

(i) উঠে বসা

(ii) সন্তুষ্ট হওয়া

(iii) জাতে ওঠা

(ঙ) 'সব লোকের কথায় অত কান দিও না।' – বাক্যে 'কান' শব্দটির অর্থ –

(i) শরীরের অংশ

(ii) গ্রাহ্য করা

(iii) শ্রুতিকটু

## SECTION – D

## সাহিত্য (পাঠ্যপুস্তক)

## Literature (Text Books & Supplementary Reader)

11. সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখ ঃ **5**

"কলা রুয়ে কেটো পাত,
তাতেই কাপড়, তাতেই ভাত।"

অথবা

বিদ্যাসাগর এই বঙ্গদেশে একক ছিলেন।

www.careerindia.com

CAREERINDIA

12. ‘অর্ধোন্মীলিত নেত্রে দেখিলাম – সমগ্র পর্বত ও বনস্থলীতে পূজার আয়োজন হইতেছে।’

**1 + 2 + 2 = 5**

(i) কার লেখা গদ্যাংশ থেকে নেওয়া হয়েছে ?

(ii) কখন, কোথায় বক্তা এ দৃশ্য দেখলেন ?

(iii) পূজার আয়োজনটি কীরকম ছিল ? বর্ণনা দাও।

অথবা

এই বালক রাত্রি দশটার সময় শুইতে যাইতেন।

(i) বালকটি কে ?

(ii) দশটায় শুতে গিয়ে কখন তিনি উঠতেন ? কেন ?

(iii) প্রত্যুষে, পড়াশুনোর পরই বা তিনি কী করতেন ?

13. ‘বিদেশি খেলার প্রচলনের সঙ্গে সঙ্গে এসব লোপ পাবার উপক্রম হয়েছে।’ **1 + 2 + 2 = 5**

(i) কোন্ গদ্যাংশ থেকে নেওয়া হয়েছে ?

(ii) এখনকার দুটি বিদেশি খেলার কথা লেখ।

(iii) দুটি দেশি খেলা – যা লুপ্ত হতে চলেছে তাদের কথা লেখ।

অথবা

এখন উচ্চতর শৃঙ্গে আরোহন করিবামাত্র আমার সম্মুখের আবরণ অপসৃত হইল।

(i) গদ্যাংশের নাম লেখ।

(ii) সম্মুখের ‘আবরণ’টি কীভাবে দৃষ্টি অবরোধ করে ছিল ?

(iii) এ ‘আবরণ’ সরে গেলে লেখক কী দেখলেন ?

14. সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখ – **5**

“....মৃগেন্দ্র কেশরী,
কবে, হে বীরকেশরী, সম্ভাষে শৃগালে
মিত্রভাবে ?”

অথবা

“আমি তো নীরবে দিয়েছি আমার সব
দুটি ফল তার করি অধিকার, এত তারি কলরব !”



www.careerindia.com

CAREERINDIA

15. স্মৃতিসূত্র ধরি টানি, কৈশোরের মুখখানি 1 + 2 + 2 = 5

দেখি মনে জাগে কি না জাগে !

(i) কবির নাম লেখ।

(ii) প্রসঙ্গটি লেখ।

(iii) কৈশোরের সে মুখটি কি কবির মনে পড়ে ? কেন ?

অথবা

‘নিজ কর্মদোষে, হায় মজাইলা

এ কনক-লঙ্কা রাজা, মজিলা আপনি !’

(i) কবির নাম লেখ।

(ii) উদ্ধৃত অংশের অর্থ লেখ।

(iii) কে, কাকে, কার সম্পর্কে কেন এ কথা বললেন ?

16. এ জীবন ভেঙে-গ’ড়ে শ্যামল সরস ক’রে 1 + 2 + 2 = 5

ছাত্রধারা ব’য়ে চলে যায় –

(i) কোন্ কবির রচনা ?

(ii) ‘ছাত্রধারা’ কথাটি বুঝিয়ে দাও।

(iii) উদ্ধৃত অংশটির অর্থ বুঝিয়ে লেখ।

অথবা

বাবু বলিলেন, “বুঝেছ উপেন, এ জমি লইব কিনে।”

(i) কোন্ কবি লিখেছেন ?

(ii) বাবু উপেনকে কোন যুক্তি দিয়ে, কীভাবে জমিটি নিয়ে নিলেন ?

(iii) এরপর উপেনের কী হল সংক্ষেপে লেখ।

www.careerindia.com

CAREERINDIA

17. “কি আশ্চর্য ! এ যে নগর বসিয়ে ফেলেছিস !” **1 + 2 + 2 = 5**

(i) কে, কাকে বললেন ?

(ii) ‘নগর’টি কেমনভাবে ‘বসেছিল’ বর্ণনা কর ।

(iii) প্রসঙ্গটি লেখ ।

**অথবা**

“মহারাজ, আমার ভীল ভাইদের জন্য ঘোড়া দিন ।”

(i) কে, কোন ‘মহারাজ’ কে বললেন ?

(ii) ভীল ভাই দুটির নাম কী ? কোথায় এদের বক্তা পেয়েছিলেন ?

(iii) এর পরের ঘটনাটি সংক্ষেপে লেখ ।

18. দুজনে চিরদিন দুজনের সন্ধানে ফিরেছিলেন, কিন্তু ইহলোকে মিলন হয়নি । **1 + 2 + 2 = 5**

(i) কোন দুজন দুজনের সন্ধানে ফিরেছিলেন ?

(ii) কেন ইহলোকে এঁদের মিলন হতে পারল না ?

(iii) ঘটনাটি সংক্ষেপে লেখ ।

**অথবা**

“কে রে তুই ! কী চাস ?”

(i) কারা, কাকে এ কথা বললেন ?

(ii) শ্রোতা কীভাবে সেখানে পৌঁছেছিলেন ?

(iii) শ্রোতা কী তাঁর কাজে সফল হয়েছিলেন ? কীভাবে ?

www.careerindia.com